

**প্রশ্ন ফাঁস ও জালিয়াতি  
 ইউজিসির  
 তিনজনের বিরুদ্ধে  
 মামলা**

■ সমকাল প্রতিবেদক  
 প্রশ্ন ফাঁস ও জালিয়াতির অভিযোগে  
 গ্রেফতার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি  
 কমিশনের (ইউজিসি) সহকারী  
 পরিচালক ওমর সিরাজসহ তিনজনের  
 বিরুদ্ধে মামলা হয়েছে। গতকাল  
 শনিবার রাবের পক্ষ থেকে  
 শেরেবাংলা নগর থানায় এ-সংক্রান্ত  
 মামলাটি করা হয়। পাশাপাশি  
 গ্রেফতার আসামিদের পুলিশের কাছে  
 হস্তান্তর করা হয়। আজ রোববার  
 তাদের আদালতে হাজির করার কথা  
 রয়েছে। এদিকে, বাংলাদেশ  
 জুডিশিয়াল সার্ভিস কমিশনের পরীক্ষা  
 নিয়ন্ত্রকের ব্যক্তিগত সহকারী নাজমুল  
 আহসান ও ষ্টোরকিপার রেজাউল  
 করিমকে গতকাল সাময়িক বরখাস্ত  
 করা হয়েছে। এর আগে গুত্রবার  
 ইউজিসি কর্মকর্তা ওমর সিরাজকে  
 সাময়িক বরখাস্ত করা হয়।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও  
 সরকারি দপ্তরে নিয়োগ পরীক্ষার প্রশ্ন  
 ফাঁস, প্রযুক্তির সাহায্যে পরীক্ষার্থীদের  
 কাছে উত্তর সরবরাহ, উত্তরপত্রে  
 জালিয়াতির অভিযোগে তিনজনকে  
 গুত্রবার রাজধানীর অপারগাঁওয়ের  
 ইউজিসি কার্যালয় থেকে গ্রেফতার  
 করে রাব। ওমর সিরাজ ছাড়া অন্য  
 দু'জন হলেন- জুডিশিয়াল সার্ভিস  
 কমিশনের ভাণ্ডাররক্ষক রেজাউল  
 করিম ও তার সহযোগী ইশান  
 ইমতিয়াজ।

শেরেবাংলা নগর থানার ওসি জিজি  
 বিশ্বাস সমকালকে বলেন, রাব-৪-  
 এর কর্মকর্তা এসআই আলীমুর রাজী  
 বাদী হয়ে গতকাল বিকেলে পরীক্ষা  
 নিয়ন্ত্রণ আইনে মামলা করেছেন।  
 অভিযোগ: খতিয়ে দেখার পর  
 প্রয়োজনে গ্রেফতারকৃতদের রিমান্ড  
 চাওয়া হতে পারে।